

রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়
প্যানেলভুক্ত ১০ হাজার শিক্ষক
নিয়োগে আদালতের নির্দেশ

■ সমকাল প্রতিবেদক

সদ্য জাতীয়করণ করা রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্যানেলভুক্তদের ৬০ দিনের মধ্যে নিয়োগ দিতে নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে এ নির্দেশ দেওয়া হয়েছে। বিচারপতি ফারাহ মাহবুব ও বিচারপতি কাজী মো. ইজারুল হক আকন্দ নিয়োগবর্জিতদের করা পৃথক ৩৬৭ রিটের ওপর পৃথক রুলের চূড়ান্ত শুনানি নিয়ে এ রায় দেন। এর ফলে রিটের সঙ্গে সংশ্লিষ্ট সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় উত্তীর্ণ প্রায় ১০ হাজার ব্যক্তির নিয়োগের পথ সুগম হয়েছে।

২৯টি রিটের পক্ষে আদালতে মাযলা পরিচালনাকারী আইনজীবী মোহাম্মদ সিদ্দিক উল্লাহ মিয়া বলেন, ৩৬৭টি রিট আবেদনের শুনানি নিয়ে আদালত ৬০ দিনের মধ্যে প্যানেলভুক্তদের নিয়োগ দিতে নির্দেশ দিয়েছেন। এসব রিটে বিচারপ্রার্থীর সংখ্যা প্রায় ১০ হাজারের মতো।

আদালতে অপর রিট আবেদনগুলোর পক্ষে শুনানি করেন আইনজীবী আবদুস সামাদ আজাদ ও মোহাম্মদ আবুল হাসনাত প্রমুখ। রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম, ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করীম ও সহকারী অ্যাটর্নি জেনারেল বিলকিস ফাতেমা।

রায়ের পর আমাতুল করীম জানান, আদালত শর্তসাপেক্ষে নিয়োগের নির্দেশ দিয়ে ৩৬৭টি রিট আবেদন নিষ্পত্তি করে দিয়েছেন। তাদের নাম প্যানেলে আছে কি-না তা পরীক্ষায় যদি দেখা যায় আছে, তাহলে মেধার ভিত্তিতে শূন্যপদে ৬০ দিনের মধ্যে নিয়োগের নির্দেশ দিয়েছেন। মামলার বিবরণ থেকে জানা যায়, ২০১০ সালের পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির ওপর ভিত্তি করে ২০১২ সালের ৯ এপ্রিল পরীক্ষায় উত্তীর্ণ ৪২ হাজার ৬১১ জনের নিয়োগ প্যানেল প্রকাশ করা হয়। এর মধ্যে থেকে প্রথম দফায় প্রায় ৮ হাজার জনকে নিয়োগ দেওয়া হয়।